# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪১৯

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু‘আ

بَابُ الدَّعْوَاتِ فِى الْأَوْقَاتِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا سَمِعْتُمْ صِيَاحَ الدِّيَكَةِ فَسَلُوا اللَّهَ مِنْ فَضْلِهِ فَإِنَّهَا رَأَتْ مَلَكًا وَإِذَا سَمِعْتُمْ نَهِيقَ الْحِمَارِ فَتَعَوَّذُوا بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ فَإِنَّهُ رَأَى شَيْطَانا»

বাংলা

২৪১৯-[৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যখন মোরগের আওয়াজ শুনবে, আল্লাহর কাছে তার অনুগ্রহ প্রত্যাশা করবে। কারণ মোরগ মালাক (ফেরেশতা) দেখেছে। আর তোমরা যখন গাধার চিৎকার শুনবে, তখন বিতাড়িত শয়তান হতে আল্লাহর কাছে আশ্রয় চাইবে, কারণ সে শয়তান দেখেছে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৩০৩, মুসলিম ২৭২৯, আবূ দাঊদ ৫১০২, তিরমিযী ৩৪৫৯, ইবনু আবী শায়বাহ্ ২৯৮০৫, সহীহাহ্ ৩১৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস থেকে এটি গ্রহণ করা যায় যে, সৎকর্মশীল বান্দাদের নিকট তাদের বারাকাতের মাধ্যমে দু‘আ করা মুস্তাহাব। সহীহ ইবনু হিব্বান, আবূ দাঊদ এবং আহমাদ-এর বর্ণনায় যায়দ ইবনু খালিদ কর্তৃক বর্ণিত রয়েছে যে, তোমরা মোরগকে গালি দিও না। কেননা সে সালাতের দিকে ডাকে।

অপর বর্ণনায় রয়েছে, সালাতের জন্য (মানুষদের) জাগ্রত করে। এ হাদীসে এই মর্মে প্রমাণ রয়েছে যে, আল্লাহ তা‘আলা মোরগ-এর জন্য সৃষ্টি করেছেন উপলব্ধি। এর মাধ্যমে সে পবিত্র আত্মার অস্তিত্ব পায়। অনুরূপ গাধা বা

কুকুরের জন্য সৃষ্টি করেছেন উপলব্ধি, যার দ্বারা সে অনিষ্ট আত্মার অস্তিত্ব পায়। আর সৎকর্মশীলদের উপস্থিতিতে রহমাত নাযিল হয় এবং নাফরমানদের উপস্থিতিতে গযব নাযিল হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56979

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন